

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১০৮.১১.০০৩.১৭.২৭

তারিখ : ২১ পৌষ ১৪২৪
০৪ জানুয়ারি ২০১৮

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৬/০৮/২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৮৬.১৭-৩০২ স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ‘প্রোছামার’ পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৩৫৫০০-৬৭০১০/- টাকার বেতনক্রমে (৬ষ্ঠ গ্রেড) অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র: নং	রেজিঃ নং	নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতন স্কেল ও গ্রেড
১.	০০০০৭৪	নাম-নূর মোহাম্মদ পিতার নাম-আঃ লতিফ	গ্রাম-দুগাছিয়া, ডাকঘর-দুগাছিয়া, উপজেলা-গফরগাঁও, জেলা-ময়মনসিংহ।	‘প্রোছামার’	৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড)

০২। নিয়োগের শর্তাবলী :

- (ক) এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বৎসর তাঁর চাকুরি শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে।
- (খ) শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাবে।
- (গ) এ পদের যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিসকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে তাঁর চাকুরী স্থায়ী করা হবে।
- (ঘ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।
- (ঙ) চাকুরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং নাগরিকত্ব সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে।
- (চ) যদি তিনি শিক্ষানবিসকালীন অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার তিন বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন এবং তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্যকাজে অনুপস্থিত থাকেন তাহলে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ছ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী তাঁকে সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে।
- (জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (ঝ) কোন সরকারী বা বেসরকারী দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।
- (ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।
- (ট) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।
- (ঠ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে চাকুরী সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি/বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।

০৩। উপর্যুক্ত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৫/০১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র এবং শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখায় (কক্ষ নং-৫২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ গোলাম মোস্তফা)

উপসচিব

ফোন : ৯৫৭৬৬৯৬

ই-মেইলঃ dsoufla@gmail.com

অপর পৃষ্ঠা-০২ দ্রষ্টব্য

